**একই স্মারক ও তারিখের প্রতিস্থাপক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২১.০৩.০২০.২০২৬- ১৫৯৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩
১৯ আগস্ট ২০২৬

**বিষয়ঃ সিনিয়র জেল সুপার ও জেল সুপার সম্মেলন-২০২৬ প্রসঙ্গে।**

কারাগারের বিভিন্ন বিষয় নিয়ে সিনিয়র জেল সুপার ও জেল সুপারদের সাথে কারা মহাপরিদর্শক মহোদয়ের আলোচনা/মতবিনিময়ের নিমিত্ত জেল সুপার সম্মেলন-১/২০২৬ আগামী ২৪ আগস্ট তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কারা অধিদপ্তর সংলগ্ন কারা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনে অংশগ্রহণের লক্ষ্যে বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকগণ, সিনিয়র জেল সুপার ও জেল সুপারদের স্থানীয় ব্যবস্থাপনায় দায়িত্বভার অর্পণ করত: নির্ধারিত তারিখ ও সময়ে কারা অধিদপ্তরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সম্মেলনে প্রত্যেক জেল সুপার কর্তৃক নিম্নোক্ত বিষয়ে অনুর্ধ্ব ৩ মিনিট সময়ে বক্তব্য উপস্থাপন করবেন; বক্তব্য মৌখিক বা প্রয়োজনে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা যাবে।

**আলোচ্য বিষয়:**

১। নিজ কারাগারে বিদ্যমান জনবল,বায়োমেট্রিক হাজিরা প্রদানের পরিসংখ্যান;
২। বিদ্যমান ত্রুটিপূর্ণ অবকাঠামো যা বন্দী পলায়নের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ;
৩। নিজ কারাগারের অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়;
৪। বিবিধ।

উল্লেখ্য যে, আলোচনা ফলপ্রসু ও সময়ের মধ্যে সম্পন্ন করতে নির্ধারিত সময় এবং সংযুক্ত ক্রোড়পত্রের নির্ধারিত ক্রমধারা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিষয়ভিত্তিক উপস্থাপনের তালিকা/ক্রোড়পত্র—০৩(তিন)পাতা।

২০/৮/২৬
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addlig@prison.gov.bd

১। কামান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। কারা উপ মহাপরিদর্শক,সকল বিভাগ।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি:**

১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল),কারা অধিদপ্তর, ঢাকা;
২। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট,কারা অধিদপ্তর, ঢাকা;
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট,কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৫। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার / পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সংস্থাপন/ প্রশাসন/উন্নয়ন/আইন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল) ও কারা উপ মহাপরিদর্শক (সকল) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৮। গার্ড ফাইল।